আসসালামু আলাইকুম।

ইসলামী ব্যাংকের "সেলফিন এবং এমক্যাশের মাধ্যমে স্কুলের ফিস পেমেন্টে" সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হল স্কুল ম্যানেজমেন্ট সফটওয়্যার না থাকা।

০১. BD Academies সেলফিন এবং এমক্যাশের মাধ্যমে পেমেন্টের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য স্কুল ম্যানেজমেন্ট সফটওয়্যার দিচ্ছে সম্পূর্ণ ফ্রি (পেমেন্ট সংক্রান্ত সকল ধরনের সার্ভিস ও রিপোর্টের জন্য- ব্যসিক প্যাকেজ)। শিক্ষা প্রতিষ্টান, ছাত্র-ছাত্রী, অভিভাবক সকলেই যার যার সংশ্লিষ্ট ও প্রয়োজনীয় রিপোর্ট দেখতে পারবেন।

০২. আপনি আপনার শিক্ষাপ্রতিষ্ঠান বা পরিচিত শিক্ষা প্রতিষ্ঠানের কাছে স্কুল ম্যানেজমেন্ট সফটওয়্যারকে কিভাবে রেফার করবেন সেটার বিস্তারিত "BD Academies -কে যেভাবে রেফার করবেন" ফাইলের মধ্যে পাবেন।

০৩. শিক্ষা প্রতিষ্ঠানের কাছে রেফারেল লিংক পাঠানোর সময় শুধুমাত্র "School Registration Process in BD Academies" ফাইলটি পাঠাবেন।

যে কোন যোগাযোগের প্রয়োজন হলে- এই লিংকে সকল যোগাযোগের নম্বর আছে

https://bdacademies.com/contact_us

## শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদের ফিস পেমেন্টের ক্ষেত্রে সম্পূর্ণ প্রক্রিয়া---

০১। শিক্ষা প্রতিষ্ঠান বাছাই এবং প্রস্তাবনা পেশ - শাখা থেকে স্কুল কর্তৃপক্ষকে সেলফিন এমক্যাশের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের ফিস পেমেন্টের জন্যে প্রস্তাব পেশ করবে। ( অফার লেটারের ওয়ার্ড ফাইল সংযুক্ত করা হল।)

০২। শিক্ষা প্রতিষ্টান রাজি হলে BD Academies এর সফটওয়্যারে উনারা কিভাবে রিপোর্টগুলো পাবে সেগুলো দেখতে পারেন। (রিপোর্ট দেখার ডেমু ফাইল সংযুক্ত করা হল)

০৩। ইসলামী ব্যাংকের এজেন্ট আউটলেট/ শাখা / উপশাখায় শিক্ষা প্রতিষ্ঠানের নামে একটা একাউন্ট খুলতে হবে। একাউন্টে এমন একটি মোবাইল নম্বর দিতে হবে যেটাতে সেলফিন ও এমক্যাশ করা নাই। যদি ইতোমধ্যে সেলফিন বা এমক্যাশ আছে এমন মোবাইল নম্বর দিয়ে থাকে, তাহলে চুক্তিতে নতুন মোবাইল নম্বর দিবে। এবং এমক্যাশ একাউন্ট ওপেনিং ফরম পূরণ করবে।

০৪। একই সময়ে BD Academies  এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্টানের সফটওয়ার সংক্রান্ত কার্যক্রম শুরু করবে। ("BD Academies -কে যেভাবে রেফার করবেন" ও "School Registration Process in BD Academies" ফাইল দুটিতে বিস্তারিত লেখা আছে)। BD Academies এ রেজিস্ট্রেশন শেষ হলে প্রতিষ্টানের এডমিন কিভাবে কাজ করবে, ছাত্রদের প্রয়োজনীয় ডাটা কিভাবে ইনপুট দিবে সেটার ম্যানুয়াল উনাদের ইমেইলে পাঠানো হবে।

০৫। সংশ্লিষ্ট শাখার সাথে ব্যাংকের নির্ধারিত ফরমেটে চুক্তি করতে হবে। (চুক্তির ওয়ার্ড ফাইল সংযুক্ত করা হল)। চুক্তি ৩০০ টাকার স্ট্যাম্প পেপারে প্রিন্ট দিতে হয়। চুক্তিটি বর্তমানে ১১ পৃষ্টার। সে হিসেবে ১০০ টাকার দুইটা, ২০ টাকার একটা ও ১০ টাকার আটটা স্ট্যাম্প পেপার লাগবে। তবে পৃষ্টা কমবেশি হলে সে অনুসারে হিসাব করে স্ট্যাম্প পেপার নিতে হবে।

০৬। শাখার একটি ফরওয়ার্ডিংসহ চুক্তিপত্রের প্রথম পৃষ্ঠা এবং শেষ পৃষ্ঠা (যেখানে সকলের স্বাক্ষর আছে), এমক্যাশ একাউন্ট ওপেনিং ফরম এবং এনআইডি কপি স্ক্যান করে প্রধান কার্যালয়ের এমএফএস ডিভিশনে শাখার ইমেইল থেকে support.mcash@islamibankbd.com - এ পাঠাতে হবে।

০৭। ইমেইল পাঠানোর বিষয়টি BD Academies -কে জানাতে হবে (admin@bdacademies.com)। BD Academies এমএফএস ডিভিশনে যোগাযোগ করবে এবং সেলফিন/এমক্যাশের মাধ্যমে ফিস পেমেন্টের টেস্টিং-এর কাজ শেষ করবে। সাধারণত একদিনের মধ্যে এই কাজ সম্পূর্ণ হয়ে যায়।

০৮। শাখা অফিসার সেলফিন অ্যাপ-এ লগইন করে টেস্ট ট্রান্সেকশন করবে। টেস্ট ট্রান্সেকশন প্রসেসঃ সেলফিন লগইন => বিল পেমেন্ট => এডুকেশন ফি => সিলেক্ট ইনস্টিটিউট, স্টুডেন্ট আইডি => সকল তথ্য যাচাই এবং সাবমিট (এই পেমেন্ট প্রসেসে কোন ওটিপি আসবে নাহ, তাই সাবমিটের আগেই যাচাই করতে হবে)। শিক্ষা প্রতিষ্টানের ছাত্রদের তথ্য ইনপুট দেয়া থাকলে সরাসরি ফিস পেমেন্টও করা যায়। এরপর-ই সেলফিন ও এমক্যাশের মাধ্যমে ছাত্র/ছাত্রী ও অভিভাবকগণ পেমেন্ট শুরু করতে পারবেন ইংশাআল্লাহ।

০৯। এজেন্ট আউটলেট, শাখা,উপশাখা শিক্ষা প্রতিষ্টানে ক্যাম্পেইন করে ফিস পেমেন্ট কিভাবে করতে হয় সেটা শিখিয়ে দেয়ার ব্যবস্থা করবে ও ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সচেতনতা তৈরী করবে। ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সেলফিন/এমক্যাশ খুলে দিয়ে পেমেন্ট প্রসেস শিখিয়ে দিবে। (ফিস পেমেন্ট চালু হলে কিভাবে ঐ শিক্ষা প্রতিষ্টানের ফিস দিতে হয় সেটার ভিডিও দেয়া হবে।)

১০। প্রতিষ্ঠানের পাশে এবং নিকটতম বাজারে অথবা প্রতিষ্ঠানের মধ্যেই এমক্যাশের এক বা একাধিক এজেন্ট নিয়োগ দিয়ে ক্যাশ ইন ব্যবস্থা করতে হবে। স্কুল ফিস পেমেন্টের জন্য প্রক্রিয়া করতে পারলে নিকটতম এজেন্ট আউটলেট, শাখায় ও উপশাখায় এমক্যাশ ও একাউন্ট খোলার পরিমান দ্রুত বাড়বে।

Last Update-23.05.2025